# তৃতীয় অধ্যায়: দুতরফা দাখিলা পদ্ধতি

## পরীক্ষায় কমন পেতে আরও প্রশ্ন ও সমাধান

**প্রশ্ন ▶১** জনাব সালমান একজন খুচরা ব্যবসায়ী। তার প্রতিষ্ঠানে ২০১৯ সালের জুলাই মাসে নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয়েছিল :

জুলাই ১ ব্যবসায়ে মূলধন আনয়ন ১,০০,০০০ টাকা।
" ৫ সাব্বিরের কাছ থেকে ২০,০০০ টাকার মাল ক্রয় করে ৬০% চেকে পরিশোধ করা হলো।
" ১০ মনিহারি দ্রব্য ক্রয় করা হলো ১,০০০ টাকা।
" ১৩ বাট্টা মঞ্জুর করা হলো ১,৫০০ টাকা।
" ১৫ কর্মচারীদের চেকে বেতন প্রদান করা হলো ৮,০০০ টাকা।
" ২৪ করিমের নিকট থেকে পণ্য ক্রয় ৬,০০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্যের আলোকে ব্যাংক সংক্রান্ত লেনদেনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. জনাব সালমানের প্রতিষ্ঠানের মোট ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. ১০ থেকে ২৪ তারিখের লেনদেনগুলোর ডেবিট ও ক্রেডিট নির্ণয় করো। ৪

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যাংক সংক্রান্ত লেনদেনের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০১৯ | | | |
| জুলাই-৫ | মাল ক্রয় করে ৬০% চেকে পরিশোধ (২০,০০০ × ৬০%) | ১২,০০০ | |
| " ১৫ | কর্মচারীদের চেকে বেতন প্রদান | ৮,০০০ | |
| | **ব্যাংক সংক্রান্ত লেনদেনের মোট পরিমাণ** | | ২০,০০০ |

**উত্তর :** ব্যাংক সংক্রান্ত লেনদেনের মোট পরিমাণ ২০,০০০ টাকা।

**খ** জনাব সালমানের প্রতিষ্ঠানের মোট ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|---|
| ২০১৯ | | | | |
| জুলাই-৫ | চেকে পণ্য ক্রয় | ১২,০০০ | | |
| | বাকিতে পণ্য ক্রয় | ৮,০০০ | ২০,০০০ | |
| " ১০ | মনিহারি দ্রব্য ক্রয় | | ১,০০০ | |
| " ১৩ | বাট্টা মঞ্জুর (প্রদত্ত বাট্টা) | | ১,৫০০ | |
| " ১৫ | চেকে বেতন প্রদান | | ৮,০০০ | |
| " ২৪ | বাকিতে পণ্য ক্রয় | | ৬,০০০ | |
| | **মোট ব্যয়ের পরিমাণ** | | | ৩৬,৫০০ |

**উত্তর :** মোট ব্যয়ের পরিমাণ ৩৬,৫০০ টাকা।

**গ** ১০ থেকে ২৪ তারিখের লেনদেনগুলোর ডেবিট ও ক্রেডিট নির্ণয় :

| তারিখ | সংশ্লিষ্ট হিসাব | ডেবিট/ক্রেডিট | টাকা |
|---|---|---|---|
| ২০১৯ | | | |
| জুলাই-১০ | মনিহারি হিসাব | ডেবিট | ১,০০০ |
| | নগদান হিসাব | ক্রেডিট | ১,০০০ |
| " ১৩ | প্রদত্ত বাট্টা হিসাব | ডেবিট | ১,৫০০ |
| | দেনাদার হিসাব | ক্রেডিট | ১,৫০০ |
| " ১৫ | বেতন হিসাব | ডেবিট | ৮,০০০ |
| | ব্যাংক হিসাব | ক্রেডিট | ৮,০০০ |
| " ২৪ | ক্রয় হিসাব | ডেবিট | ৬,০০০ |
| | পাওনাদার (করিম) হিসাব | ক্রেডিট | ৬,০০০ |

**প্রশ্ন ▶২** মি. রাজন রায় তার ব্যবসায়ের পূর্ণাঙ্গ হিসাব সংরক্ষণ করেন না। ২০১৯ সালে তার হিসাব বই থেকে প্রাপ্ত তথ্য নিম্নরূপ:

| বিবরণ | টাকা | পরিমাণ |
|---|---|---|
| | ০১.০১.২০১৯ | ৩১.১২.২০১৯ |
| মজুদ পণ্য | ১৪,৫০০ | ১৯,৮০০ |
| পাওনাদার | ১২,০০০ | ১৭,০০০ |

| বিবরণ | টাকা | পরিমাণ |
|---|---|---|
| | ০১.০১.২০১৯ | ৩১.১২.২০১৯ |
| দেনাদার | ১৮,০০০ | ২৪,৪০০ |
| বকেয়া খরচাবলি | ২,৬০০ | |
| নগদ | ১০,৮০০ | ২৫,৫০০ |
| ঋণ | | ১০,০০০ |

উল্লেখ্য মি. রাজন প্রতি মাসে ১,২০০ টাকা করে নগদ এবং সারা বছরে মোট ৭০০ টাকার পণ্য উত্তোলন করেন। এছাড়া তিনি বছরের মাঝামাঝি সময়ে ব্যবসায়ে ৫,০০০ টাকা অতিরিক্ত মূলধন সরবরাহ করেন।

ক. মি. রাজন রায়ের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. মি. রাজন রায়ের সমাপনী মূলধন নির্ণয় করো। ৪
গ. মি. রাজন রায়ের উক্ত বছরের লাভ বা ক্ষতি নির্ণয় করো। ৪

**২ নং প্রশ্নের উত্তর**

**ক** মি. রাজন-এর প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় **:**

প্রারম্ভিক মূলধন = প্রারম্ভিক মোট সম্পদ – প্রারম্ভিক মোট দায়
= (মজুদ পণ্য + দেনাদার + নগদ) – (পাওনাদার + বকেয়া খরচাবলি)
= {(১৪,৫০০ + ১৮,০০০ + ১০,৮০০) – (১২,০০০ + ২,৬০০)} টাকা
= (৪৩,৩০০ – ১৪,৬০০) = ২৮,৭০০ টাকা

**উত্তর :** প্রারম্ভিক মূলধন ২৮,৭০০ টাকা।

**খ** মি. রাজন-এর সমাপনী মূলধন নির্ণয় **:**

সমাপনী মূলধন = সমাপনী মোট সম্পদ – সমাপনী মোট দায়
= (মজুদ পণ্য + দেনাদার + নগদ) – (পাওনাদার + ঋণ)
= {(১৯,৮০০ + ২৪,৪০০ + ২৫,৫০০) – (১৭,০০০ + ১০,০০০)} টাকা
= (৬৯,৭০০ – ২৭,০০০) = ৪২,৭০০ টাকা

**উত্তর :** সমাপনী মূলধন ৪২,৭০০ টাকা।

**গ** মি. রাজন-এর লাভ বা ক্ষতি নির্ণয় **:**

লাভ বা ক্ষতি = {(সমাপনী মূলধন + মোট উত্তোলন) – (প্রারম্ভিক মূলধন + অতিরিক্ত মূলধন)}
= {(৪২,৭০০ + ১৫,১০০) – (২৮,৭০০ + ৫,০০০)} টাকা
= (৫৭,৮০০ – ৩৩,৭০০) = ২৪,১০০ টাকা
∴ লাভ ২৪,১০০ টাকা

**উত্তর :** লাভ ২৪,১০০ টাকা

**গণনা-১ :** মোট উত্তোলন = নগদ উত্তোলন + পণ্য উত্তোলন = {(১২ × ১,২০০) + ৭০০} = (১৪,৪০০ + ৭০০) = ১৫,১০০ টাকা

**প্রশ্ন ▶৩** শহীদ হোসেন তার ব্যবসায়ের যাবতীয় লেনদেন দু'তরফা দাখিলা পদ্ধতি অনুযায়ী হিসাবভুক্ত করেন। ২০১৯ সালের জানুয়ারি মাসে তার ব্যবসায়ের ঘটনাগুলো নিচে দেওয়া হলো :

জানুয়ারি ১ বাকিতে পণ্য ক্রয় ৪০,০০০ টাকা।
" ৫ জামানের কাছে বিক্রয় ১৮,০০০ টাকা।
" ১০ বেতন অপ্রদত্ত রয়েছে ৫,০০০ টাকা।
" ১৮ ব্যাংক থেকে উত্তোলন ২৫,০০০ টাকা।
" ২৫ ৭,০০০ টাকা বেতনে ম্যানেজার নিয়োগের প্রস্তাব গৃহীত হলো।
" ২৭ আসবাবপত্রের অবচয় ৫,০০০ টাকা।
" ৩১ কুঋণ সঞ্চিতি ধার্য করতে হবে ৫০০ টাকা।

ক. মোট দায়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. অভ্যন্তরীণ লেনদেনের পরিমাণ কত? ৪
গ. জানুয়ারি ১-১৮ তারিখের লেনদেন দ্বারা ডেবিট-ক্রেডিট নির্ণয় করো। ৪

**৩ নং প্রশ্নের সমাধান**

**ক** মোট দায়ের পরিমাণ পরিমাণ নির্ণয় **:**

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০১৯ | | | |
| জানু-১ | বাকিতে পণ্য ক্রয় (পাওনাদার) | ৪০,০০০ | |
| " ১০ | বেতন অপ্রদত্ত রয়েছে (বকেয়া বেতন) | ৫,০০০ | |
| | মোট দায় | | ৪৫,০০০ |

**উত্তর :** মোট দায়ের পরিমাণ ৪৫,০০০ টাকা।

**খ** অভ্যন্তরীণ লেনদেনের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০১৯ | | | |
| জানু-২৭ | আসবাবপত্রের অবচয় | ৫,০০০ | |
| ” ৩১ | কুঋণ সঞ্চিতি | ৫০০ | |
| | মোট অভ্যন্তরীণ লেনদেন | | ৫,৫০০ |

**উত্তর :** মোট অভ্যন্তরীণ লেনদেনের পরিমাণ ৫,৫০০ টাকা।

**গ** জানুয়ারি ১-১৮ তারিখের লেনদেনগুলোর ডেবিট-ক্রেডিট নির্ণয় করা হলো :

| তারিখ | সংশ্লিষ্ট হিসাব খাত | ডেবিট/ক্রেডিট | টাকা |
|---|---|---|---|
| ২০১৯ | | | |
| জানু.-১ | ক্রয় হিসাব | ডেবিট | ৪০,০০০ |
| | পাওনাদার হিসাব | ক্রেডিট | ৪০,০০০ |
| ” ৫ | দেনাদার (জামান) হিসাব | ডেবিট | ১৮,০০০ |
| | বিক্রয় হিসাব | ক্রেডিট | ১৮,০০০ |
| ” ১০ | বেতন হিসাব | ডেবিট | ৫,০০০ |
| | বকেয়া বেতন হিসাব | ক্রেডিট | ৫,০০০ |
| ” ১৮ | নগদান হিসাব | ডেবিট | ২৫,০০০ |
| | ব্যাংক হিসাব | ক্রেডিট | ২৫,০০০ |

**প্রশ্ন ▶ ৪** জনাব পার্থ সাহা একজন কাপড় ব্যবসায়ী। নরসিংদীতে তার ব্যবসায় অবস্থিত। তিনি দুতরফা দাখিলা পদ্ধতি অনুসারে যথাযথভাবে প্রতিটি হিসাবের বই সংরক্ষণ করে থাকেন। ২০১৯ সালের ডিসেম্বর মাসে তার ব্যবসায়ে সংঘটিত লেনদেনগুলো নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| ডিসেম্বর | ১ | নগদ ৭,০০,০০০ টাকা মূলধন স্বরূপ কারবারে আনা হলো। |
| ” | ১২ | ২৫,০০০ টাকার কাপড় ধারে ক্রয় করা হলো। |
| ” | ২৩ | নগদে ৬০,০০০ টাকার আসবাবপত্র ক্রয় করা হলো। |
| ” | ২৪ | কর্মচারী রতনকে বেতন প্রদান করা হলো ৮,০০০ টাকা। |
| ” | ৩১ | নগদে কমিশন প্রাপ্তি ৬,০০০ টাকা। |

ক. ডিসেম্বর মাসে মোট কত টাকার পণ্য ক্রয় করা হয়েছে? ২

খ. জনাব পার্থ সাহা-এর উপর্যুক্ত লেনদেনসমূহের ডেবিট ও ক্রেডিট নির্ণয় করো। ৪

গ. জনাব পার্থ সাহা-এর উপর্যুক্ত লেনদেনসমূহ হিসাবের কোন কোন প্রাথমিক বইতে লিপিবদ্ধ হবে? ৪

**৪ নং প্রশ্নের সমাধান**

**ক** ডিসেম্বর মাসে মোট পণ্য ক্রয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০১৯ | | | |
| ডিসেম্বর ১২ | ধারে কাপড় ক্রয় | ২৫,০০০ | |
| | **মোট পণ্য ক্রয়** | | ২৫,০০০ |

**উত্তর :** মোট পণ্য ক্রয় ২৫,০০০ টাকা।

**খ** জনাব পার্থ সাহার প্রতিটি লেনদেনের ডেবিট ও ক্রেডিট নির্ণয় :

| তারিখ | সংশ্লিষ্ট হিসাব | ডেবিট/ক্রেডিট | টাকা |
|---|---|---|---|
| ২০১৯ | | | |
| ডিসেম্বর ১ | নগদান হিসাব | ডেবিট | ৭,০০,০০০ |
| | মূলধন হিসাব | ক্রেডিট | ৭,০০,০০০ |
| ” ১২ | ক্রয় হিসাব | ডেবিট | ২৫,০০০ |
| | পাওনাদার হিসাব | ক্রেডিট | ২৫,০০০ |
| ” ২৩ | আসবাবপত্র হিসাব | ডেবিট | ৬০,০০০ |
| | নগদান হিসাব | ক্রেডিট | ৬০,০০০ |
| ” ২৪ | বেতন হিসাব | ডেবিট | ৮,০০০ |
| | নগদান হিসাব | ক্রেডিট | ৮,০০০ |
| ” ৩১ | নগদান হিসাব | ডেবিট | ৬,০০০ |
| | প্রাপ্ত কমিশন হিসাব | ক্রেডিট | ৬,০০০ |

**গ** জনাব পার্থ সাহার প্রাথমিক বইগুলো হলো:

| তারিখ | লেনদেন | লিপিবদ্ধকৃত প্রাথমিক বই |
|---|---|---|
| ২০১৯ ডিসে.-১ | নগদ ৭,০০,০০০ টাকা মূলধন স্বরূপ কারবারে আনা হলো | নগদ প্রাপ্তি জাবেদা |
| " ১২ | ২৫,০০০ টাকার কাপড় ধারে ক্রয় করা হলো। | ক্রয় জাবেদা |
| " ২৩ | নগদে ৬০,০০০ টাকার আসবাবপত্র ক্রয় করা হলো | নগদ প্রদান জাবেদা |
| " ২৪ | কর্মচারী রতনকে বেতন প্রদান করা হলো ৮,০০০ টাকা | নগদ প্রদান জাবেদা |
| " ৩১ | নগদে কমিশন প্রাপ্তি ৬,০০০ টাকা | নগদ প্রাপ্তি জাবেদা |

**প্রশ্ন ▶৫** জনাব শহীদুল ইসলাম তাঁর ব্যবসায়ের বিস্তারিত হিসাব সংরক্ষণ করেন না। ১ জানুয়ারি ২০১৯ তারিখে তার ব্যবসায়ের মোট সম্পদ ও দায়ের পরিমাণ ছিল যথাক্রমে ২,০০,০০০ টাকা ও ৮০,০০০ টাকা। উক্ত বৎসরে জনাব শহীদুল ইসলাম আরও ৩০,০০০ টাকা নতুন করে ব্যবসায়ে বিনিয়োগ করেন। উক্ত বৎসরে তিনি মোট ১৫,০০০ টাকা নগদ উত্তোলন করেন। ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে তার ব্যবসায়ে নিম্নোক্ত সম্পদ ও দায়সমূহ ছিল— নগদ ৫০,০০০ টাকা; আসবাবপত্র ৪০,০০০ টাকা; দেনাদার ৩০,০০০ টাকা; মজুদ পণ্য ৭০,০০০ টাকা; ব্যাংক ঋণ ২০,০০০ টাকা; এবং পাওনাদার ২৫,০০০ টাকা।

ক. জনাব শহীদুল ইসলামের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. জনাব শহীদুল ইসলামের সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. ২০১৯ সালে জনাব শহীদুল ইসলামের ব্যবসায়ের লাভ/ ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

**৫ নং প্রশ্নের সমাধান**

**ক** জনাব শহীদুল ইসলামের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় :

প্রারম্ভিক মূলধন = প্রারম্ভিক মোট সম্পদ – প্রারম্ভিক মোট দায় = ২,০০,০০০ টাকা – ৮০,০০০ টাকা = ১,২০,০০০ টাকা

**উত্তর:** প্রারম্ভিক মূলধন ১,২০,০০০ টাকা।

**খ** জনাব শহীদুল ইসলামের সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় :

সমাপনী মূলধন = সমাপনী মোট সম্পদ – সমাপনী মোট দায় ={(নগদ + আসবাবপত্র + দেনাদার + মজুদ পণ্য) – (ব্যাংক ঋণ + পাওনাদার)}
= {(৫০,০০০ + ৪০,০০০ + ৩০,০০০ + ৭০,০০০) – (২০,০০০ + ২৫,০০০)}= (১,৯০,০০০ – ৪৫,০০০) = ১,৪৫,০০০

**উত্তর :** সমাপনী মূলধন ১,৪৫,০০০ টাকা।

**গ** ২০১৯ সালে জনাব শহীদুল ইসলামের ব্যবসায়ের লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় :

লাভ/ক্ষতি = {(সমাপনী মূলধন + উত্তোলন) – (প্রারম্ভিক মূলধন + অতিরিক্ত মূলধন)}
= {(১,৪৫,০০০ + ১৫,০০০) – (১,২০,০০০ + ৩০,০০০)}= (১,৬০,০০০ – ১,৫০,০০০) = ১০,০০০

**উত্তর :** নিট লাভ ১০,০০০ টাকা।

**প্রশ্ন ▶৬** জনাব খুশি ২০১৯ সালের মার্চ ১ তারিখে নগদ ২,৪০,০০০ টাকা; ৫৬,০০০ টাকার যন্ত্রপাতি; ২১,০০০ টাকার পণ্য দ্রব্য নিয়ে কনফেকশনারি ব্যবসায় আরম্ভ করেন। উক্ত মাসে অন্যান্য লেনদেন-

মার্চ ৩ কাশেমের নিকট থেকে পণ্য ক্রয় ৩৪,০০০ টাকা
" ৬ জাহিদের নিকট বিস্কিট বিক্রয় করেন ১৫,০০০ টাকা
" ৭ দোকান ভাড়া প্রদান ৬,৫০০ টাকা
" ১০ নগদে পণ্য বিক্রয় ২৫,০০০ টাকা
" ১৭ নগদে পণ্য ক্রয় ৫,০০০ টাকা
" ১৯ কেক বিক্রয় ৬,০০০ টাকা
" ২১ রাশির নিকট থেকে ময়দা ক্রয় ৭,৫০০ টাকা
" ২৮ মালিক নিজ প্রয়োজনে ব্যবসায় থেকে নেন ৪,৫০০ টাকা

ক. জনাব খুশি-এর বিক্রয়ের পরিমাণ কত? ২
খ. জনাব খুশি-এর ১,৩,৭ ও ১০ তারিখের লেনদেনের ডেবিট ও ক্রেডিট নির্ণয় করো। ৪
গ. হিসাব সমীকরণের ওপর মার্চ ৬, ১৭, ১৯ ও ২৮ তারিখের লেনদেনের প্রভাব ছকের মাধ্যমে প্রকাশ করো। ৪

**৬ নং প্রশ্নের সমাধান**

**ক** জনাব খুশির বিক্রয়ের পরিমাণ :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০১৯ মার্চ-৬ | জাহিদের নিকট বিস্কুট বিক্রয় | ১৫,০০০ | |
| " ১০ | নগদে পণ্য বিক্রয় | ২৫,০০০ | |
| " ১৯ | কেক বিক্রয় | ৬,০০০ | |
| | **মোট বিক্রয়** | | ৪৬,০০০ |

**উত্তর :** জনাব খুশির বিক্রয়ের পরিমাণ ৪৬,০০০ টাকা।

**খ** জনাব খুশির উপর্যুক্ত লেনদেনের ডেবিট ও ক্রেডিট নির্ণয় :

| তারিখ | সংশ্লিষ্ট হিসাব | ডেবিট/ক্রেডিট | টাকা |
|---|---|---|---|
| ২০১৯ মার্চ-১ | নগদান হিসাব | ডেবিট | ২,৪০,০০০ |
| | যন্ত্রপাতি হিসাব | ডেবিট | ৫৬,০০০ |
| | ক্রয় হিসাব | ডেবিট | ২১,০০০ |
| | মূলধন হিসাব | ক্রেডিট | ৩,১৭,০০০ |
| ” ৩ | ক্রয় হিসাব | ডেবিট | ৩৪,০০০ |
| | পাওনাদার (কাশেম) হিসাব | ক্রেডিট | ৩৪,০০০ |
| ” ৭ | ভাড়া হিসাব | ডেবিট | ৬,৫০০ |
| | নগদান হিসাব | ক্রেডিট | ৬,৫০০ |
| ” ১০ | নগদান হিসাব | ডেবিট | ২৫,০০০ |
| | বিক্রয় হিসাব | ক্রেডিট | ২৫,০০০ |

**গ** **জনাব খুশি**

হিসাব সমীকরণের ওপর মার্চ ৬, ১৭, ১৯ ও ২৮ তারিখের লেনদেনের প্রভাব ছকের মাধ্যমে প্রকাশ করা হলো :

| তারিখ | উদ্বৃত্ত | সম্পদ | | = | দায় | + | মালিকানা স্বত্ব | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | নগদ | দেনাদার | = | | | | |
| ২০১৯ মার্চ-৬ | | | ১৫,০০০ | = | | + | ১৫,০০০ | আয় |
| | উদ্বৃত্ত | | ১৫,০০০ | = | | + | ১৫,০০০ | |
| ” ১৭ | | (৫,০০০) | | = | | | (৫,০০০) | খরচ |
| | উদ্বৃত্ত | (৫,০০০) | ১৫,০০০ | = | | + | ১০,০০০ | |
| ” ১৯ | | ৬,০০০ | | = | | | ৬,০০০ | আয় |
| | উদ্বৃত্ত | ১,০০০ | ১৫,০০০ | = | | + | ১৬,০০০ | |
| ” ২৮ | | (৪,৫০০) | | = | | | (৪,৫০০) | উত্তোলন |
| | উদ্বৃত্ত | (৩,৫০০) | ১৫,০০০ | = | | + | ১১,৫০০ | |
| | মোট | ১১,৫০০ | | = | ১১,৫০০ | | | |

**উত্তর :** হিসাব সমীকরণের যোগফল ১১,৫০০ টাকা।

**প্রশ্ন ▶ ৭** জনাব আলম ১ জানুয়ারি ২০১৯ তারিখে নগদ ৫,০০,০০০ টাকা; ২৫,০০০ টাকার আসবাবপত্র; ৮৫,০০০ টাকার ব্যাংক ঋণ নিয়ে একটি কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র শুরু করেন। উক্ত মাসে তার অন্যান্য লেনদেন ছিল নিম্নরূপ:

| | | | |
|---|---|---|---|
| জানুয়ারি | ০২ | অফিস ভাড়া | ১২,০০০ টাকা |
| ” | ১০ | কাগজ ক্রয় | ৫,০০০ টাকা |
| ” | ১২ | কম্পিউটার মেরামত | ২,০০০ টাকা |
| ” | ২০ | মজুরি প্রদান | ১,৫০০ টাকা |
| ” | ২৫ | আসবাবপত্রের অবচয় ধার্য করা হলো | ১,০০০ টাকা |

ক. জনাব আলমের প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত? ২

খ. উপরি-উক্ত লেনদেনগুলো থেকে অভ্যন্তরীণ লেনদেন ও বাহ্যিক লেনদেন চিহ্নিত করো। ৪

গ. জনাব আলমের জানুয়ারি মাসের লেনদেনগুলোর ডেবিট-ক্রেডিট নির্ণয় করো। ৪

**৭ নং প্রশ্নের সমাধান**

**ক** জনাব আলমের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০১৯ জানুয়ারি-১ | নগদ | ৫,০০,০০০ | |
| | আসবাবপত্র | ২৫,০০০ | |
| | **প্রারম্ভিক মূলধন** | | ৫,২৫,০০০ |

**উত্তর :** প্রারম্ভিক মূলধন ৫,২৫,০০০ টাকা।

**খ** লেনদেনগুলো থেকে অভ্যন্তরীণ ও বাহ্যিক লেনদেনগুলো চিহ্নিত করা হলো:

| তারিখ | লেনদেন | লেনদেনের ধরন |
|---|---|---|
| ২০১৯ জানু.-১ | ব্যবসায়ে মূলধন আনায়ন | বাহ্যিক লেনদেন |

| তারিখ | লেনদেন | লেনদেনের ধরন |
|---|---|---|
| " ২ | অফিসের ভাড়া প্রদান | বাহ্যিক লেনদেন |
| " ১০ | কাগজ ক্রয় | বাহ্যিক লেনদেন |
| " ১২ | কম্পিউটার মেরামত | বাহ্যিক লেনদেন |
| " ২০ | মজুরি প্রদান | বাহ্যিক লেনদেন |
| " ২৫ | আসবাবপত্রের অবচয় ধার্য | অভ্যন্তরীণ লেনদেন |

**গ** জনাব আলমের জানুয়ারি মাসের লেনদেনগুলোর ডেবিট-ক্রেডিট নির্ণয় :

| তারিখ | সংশ্লিষ্ট হিসাব | ডেবিট/ক্রেডিট | টাকা |
|---|---|---|---|
| ২০১৯ জানুয়ারি ১ | নগদান হিসাব | ডেবিট | ৫,৮৫,০০০ |
| | আসবাবপত্র হিসাব | ডেবিট | ২৫,০০০ |
| | মূলধন হিসাব | ক্রেডিট | ৫,২৫,০০০ |
| | ব্যাংক ঋণ হিসাব | ক্রেডিট | ৮৫,০০০ |
| " ০২ | ভাড়া হিসাব | ডেবিট | ১২,০০০ |
| | নগদান হিসাব | ক্রেডিট | ১২,০০০ |
| " ১০ | ক্রয় হিসাব | ডেবিট | ৫,০০০ |
| | নগদান হিসাব | ক্রেডিট | ৫,০০০ |
| " ১২ | মেরামত হিসাব | ডেবিট | ২,০০০ |
| | নগদান হিসাব | ক্রেডিট | ২,০০০ |
| " ২০ | মজুরি হিসাব | ডেবিট | ১,৫০০ |
| | নগদান হিসাব | ক্রেডিট | ১,৫০০ |
| " ২৫ | অবচয় হিসাব | ডেবিট | ১,০০০ |
| | পুঞ্জীভূত অবচয় (আসবাবপত্র) | ক্রেডিট | ১,০০০ |

## উত্তর সংকেতসহ সৃজনশীল প্রশ্ন

**প্রশ্ন ▶৮** মি. লিখন ২০১৯ সালের ফেব্রুয়ারি মাসে ১ তারিখে নগদ ৫০,০০০ টাকা, ২০,০০০ টাকার পণ্য এবং ৩০,০০০ টাকার যন্ত্রপাতি নিয়ে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসের তার ব্যবসায়ের নিম্নোক্ত লেনদেন সম্পন্ন হয়।

২০১৯
ফেব্রু. ৫ ক্রয় নগদ ১০,০০০ টাকা এবং ধারে ৮,০০০ টাকা।
" ৯ ১০% বাট্টায় বিক্রয় ২৫,০০০ টাকা।
" ১৫ বহিঃফেরত ১,৫০০ টাকা।
" ২১ আসবাবপত্র ক্রয় ১০,০০০ টাকা।
" ২৮ পাওনাদারকে পরিশোধ ৫,০০০ টাকা।

ক. নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. ৫, ৯, ১৫ ও ২৮ তারিখের লেনদেনের ডেবিট-ক্রেডিট পক্ষ নির্ণয় করো। ৪
গ. ১ তারিখ ব্যতীত অন্যান্য লেনদেনসমূহ হিসাবের কোন কোন প্রাথমিক বইতে লিপিবদ্ধ হবে? ৪

**সুপার টিপ্‌স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।

**উত্তর: ক.** নিট ক্রয় ৩৬,৫০০ টাকা।

**প্রশ্ন ▶৯** আজাদ স্টোরের মালিক মি. আজাদ ২০১৯ সালের ১ জানুয়ারি তারিখে তার ব্যবসায়ের মোট সম্পদ ও দায়ের তালিকা করতে গিয়ে নিম্নোক্ত চিত্র দেখতে পান :
নগদ তহবিল ৩০,০০০ টাকা, ব্যাংক জমা ১০,০০০ টাকা, আসবাবপত্র ১,৪০,০০০ টাকা, প্রদেয় হিসাব ৫০,০০০ টাকা, প্রাপ্য হিসাব ৫৫,০০০ টাকা, ৬% ব্যাংক ঋণ ৮০,০০০ টাকা, ৫% বিনিয়োগ ২৫,০০০ টাকা।
উক্ত বছরের ৩১ ডিসেম্বর তারিখে তার ব্যবসায়িক সম্পদ ও দায়ের পরিমাণ দাঁড়ায় নিম্নরূপ : হাতে নগদ ৮০,০০০ টাকা, দেনাদার ১,৫০,০০০ টাকা, আসবাবপত্র ৫০,০০০ টাকা, পাওনাদার ২০,০০০ টাকা, ব্যাংক জমাতিরিক্ত ১০,০০০ টাকা, বকেয়া আয় ৮,০০০ টাকা, অগ্রিম খরচ ৭,৫০০ টাকা। বছরের মাঝামাঝি সময়ে মি. আজাদ ব্যবসায়ে ৭৫,০০০ টাকা বিনিয়োগ করেন। কিন্তু পারিবারিক প্রয়োজনে পরবর্তীতে ৪০,০০০ টাকা ব্যবসা হতে তুলে নেন। মি. আজাদের ব্যবসায়ের হিসাব সংরক্ষণের পদ্ধতি বিজ্ঞানসম্মত নয়।

ক. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে আজাদ স্টোরের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে আজাদ স্টোরের সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. উপর্যুক্ত তথ্য বিশ্লেষণ করে আজাদ স্টোরের লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

**সুপার টিপ্‌স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।

**উত্তর: ক.** প্রারম্ভিক মূলধন ১,৩০,০০০ টাকা। **খ.** সমাপনী মূলধন ২,৬৫,৫০০ টাকা। **গ.** লাভের পরিমাণ ১,০০,৫০০ টাকা।

**প্রশ্ন ▶ ১০** জনাব আয়ানের প্রতিষ্ঠানে ২০১৯ সালের মে মাসের লেনদেনগুলো নিম্নে দেওয়া হলো—

২০১৯

মে ১ নগদ ৪০,০০০ টাকা, ২০,০০০ টাকার আসবাবপত্র এবং ১০,০০০ টাকা ব্যাংক ঋণ নিয়ে ব্যবসায় আরম্ভ করেন।

" ২ ধারে পণ্য ক্রয় ১০,০০০ টাকা।

" ৫ আসবাবপত্রের অবচয় ধরা হলো ১,০০০ টাকা।

" ৯ ধারে পণ্য বিক্রয় ২০,০০০ টাকা।

" ১৫ পাওনাদারকে নগদ প্রদান করা হলো ৫০০০ টাকা।

" ২২ বিজ্ঞাপন বাবদ প্রদান করা হলো ২,৫০০ টাকা।

" ২৭ দেনাদারের নিকট হতে নগদ প্রাপ্তি ১২,০০০ টাকা।

" ৩১ নগদ বিক্রয় ২৫,০০০ টাকা।

ক. জনাব আয়ানের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. জনাব আয়ানের বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. জনাব আয়ানের মে মাসের লেনদেনগুলোর ডেবিট-ক্রেডিট নির্ণয় করো। ৪

**উত্তর: ক.** প্রারম্ভিক মূলধন ৬০,০০০ টাকা। **খ.** বিক্রয়ের পরিমাণ ৪৫,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১১** মি. আল-আমিনের প্রতিষ্ঠানে ২০১৯ সালের জানুয়ারি মাসের লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

জানু: ১ ৫০,০০০ টাকা নিয়ে কারবার শুরু।

" ৬ আসবাবপত্র ক্রয় ২৫,০০০ টাকা।

" ৮ বিমা সেলামি প্রদান ২,০০০ টাকা।

" ১০ কলকব্জা ক্রয় ৩০,০০০ টাকা।

" ২২ ভাড়া প্রাপ্তি ২,০০০ টাকা।

" ৩০ মজুরি প্রদান ১,০০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্যের আলোকে সম্পদ হ্রাসের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত তথ্যের আলোকে হিসাবের মূল সমীকরণের E-এর পরিমাণ নির্ণয় করো। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলোর কারণসহ ডেবিট ক্রেডিট নির্ণয় করো। ৪

**সুপার টিপ্‌স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।

**উত্তর: ক.** সম্পদ হ্রাসের পরিমাণ ৩,০০০ টাকা। **খ.** হিসাবের E-এর পরিমাণ ৪৯,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১২** উর্মি ও নিশু ২০১৯ সালে ০১ জানুয়ারি তারিখে নগদ ৮০,০০০ টাকা, আসবাবপত্র ৫০,০০০ টাকা ও ব্যাংক জমা ৪০,০০০ টাকা এবং সিটি ব্যাংকের নিকট হতে ২০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসায় শুরু করেন।

২০১৯

জানু. ৪ মালিক কারবার হতে ৪,০০০ টাকার পণ্য দ্রব্য উত্তোলন করেন।

" ৬ বিনামূল্যে পণ্য বিতরণ ১৪,০০০ টাকা।

" ৮ বাট্টা প্রদত্ত হলো ৭,০০০ টাকা।

" ১৩ জীবন বিমা প্রিমিয়াম প্রদান ৯,০০০ টাকা।

" ১৮ কুঋণ ধার্য করা হলো ১,২০০ টাকা।

" ২১ যন্ত্রপাতির অবচয় ধার্য করা হলো ৩০,০০০ টাকা।

" ২৫ আয়কর প্রদান করা হলো ১৫,০০০ টাকা।

" ২৮ মালিক কারবার হতে ৭,০০০ টাকা নগদ উত্তোলন করেন।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ০১ তারিখ ব্যতীত সকল লেনদেনগুলোর উভয়পক্ষ লিপিবদ্ধ করো। ৪

গ. উর্মির উত্তোলনের পরিমাণ নির্ণয় করো। ৪

**সুপার টিপ্‌স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।

**উত্তর: ক.** প্রারম্ভিক মূলধন ১,৭০,০০০ টাকা। **গ.** উর্মির মোট উত্তোলন ৩৫,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১৩** জনাব সাইফুল ইসলাম জানুয়ারি ১, ২০১৯ তারিখে তার বাবার আইন পেশার অফিস পুনরায় চালু করেন। জানুয়ারি মাসের গুরুত্বপূর্ণ ঘটনাগুলো নিম্নরূপ :

জানু. ১ L.L.B. শেষ করেন এবং ৫০,০০০ টাকা বিনিয়োগ করে অফিসে যোগ দেন।
" ২ ব্যক্তিগত অর্থ দিয়ে একটি কম্পিউটার ক্রয় করা হলো ২৫,০০০ টাকা।
" ৫ ব্যবসায়ের জন্য ব্যাংক থেকে ২,০০,০০০ টাকার ঋণ পাওয়ার জন্য সুপারিশ করা হলো।
" ৭ মক্কেলদের আইনি সেবা দেওয়া হলো ২০,০০০ টাকা।
" ১০ পুরাতন আসবাবপত্র বিক্রয় করে ৫,০০০ টাকা পাওয়া গেল।

ক. মাস শেষে জনাব সাইফুলের মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় করো। ২
খ. উপরোক্ত ঘটনাগুলো হতে লেনদেনসমূহ চিহ্নিত করে হিসাব সমীকরণের মাধ্যমে দেখাও যে, A = L + E. ৪
গ. লেনদেনগুলোর ডেবিট-ক্রেডিট পক্ষসমূহ চিহ্নিত করো। ৪

**সুপার টিপ্স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।

**উত্তর: ক.** মালিকানা স্বত্বের পরিমাণ ৯৫,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১৪** মি. তানভীর একজন প্রতিষ্ঠিত ব্যবসায়ী। ২০১৯ সালের মে মাসের তার ব্যবসায়ের নিম্নোক্ত লেনদেনগুলো সংঘটিত হয়েছে :

| ২০১৯ | | | টাকা |
|---|---|---|---|
| মে | ১ | নগদে মূলধন আনা হলো | ২০,০০০ |
| " | ৫ | নগদে মাল ক্রয় | ১২,০০০ |
| " | ১৫ | মাল বিক্রয় | ১০,০০০ |
| " | ২৫ | নগদ উত্তোলন | ২,০০০ |
| " | ৩০ | দোকানের জন্য জমি ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ | ৫০,০০০ |

ক. তানভীরের ব্যবসায়ে মাস শেষে হাতে নগদের পরিমাণ কত? ২
খ. উপর্যুক্ত লেনদেনগুলো হতে সম্পদ বৃদ্ধির পরিমাণ নির্ণয় করো। ৪
গ. উপর্যুক্ত লেনদেনগুলোর ডেবিট-ক্রেডিট নির্ণয় করো। ৪

**সুপার টিপ্স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।

**উত্তর: ক.** সমাপনী হতে নগদ ১৬,০০০ টাকা। **খ** সম্পদ বৃদ্ধির পরিমাণ ৩০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১৫** জনাব আবুল কাশেমের ২০১৯ সালের মার্চ মাসের ঘটনাগুলো নিম্নরূপ:

মার্চ ১ ব্যবসায়ে মূলধন আনা হলো ৩০,০০০ টাকা।
" ২ নগদে মাল বিক্রয় ২৫,০০০ টাকা।
" ১৩ ধারে ক্রয় ৫,০০০ টাকা।
" ১৫ ২৫,০০০ টাকা বেতনে ১ জন ম্যানেজার নিয়োগ করা হলো।
" ২০ নিম্নমানের জন্য পণ্য ফেরত পাওয়া গেল ২০০ টাকা।
" ২৫ ৫,০০০ টাকার পণ্য ক্রয়ের ফরমায়েশ পাওয়া গেল।

ক. উপর্যুক্ত ঘটনাগুলোর মধ্যে যেগুলো লেনদেন নয় তার পরিমাণ কত? ২
খ. মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. উপর্যুক্ত লেনদেনগুলোর আধুনিক পদ্ধতিতে ডেবিট-ক্রেডিট নির্ণয় করো। ৪

**সুপার টিপ্স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।

**উত্তর: ক.** লেনদেন নয় তার পরিমাণ ২৫,০০০ টাকা। **খ.** মালিকানা স্বত্বের পরিমাণ ৪৯,৮০০ টাকা।

**প্রশ্ন ▶ ১৬** জনাব রবিন একজন ব্যবসায়ী। তার প্রতিষ্ঠানে ২০১৯ সালে আগস্ট মাসে নিম্নলিখিত লেনদেনগুলো সংঘটিত হয়েছে :

আগস্ট ১ ঋণ গ্রহণ ৫০,০০০ টাকা।
" ৪ নগদে পণ্য ক্রয় ২০,০০০ টাকা।
" ১০ সজিবের নিকট নগদে পণ্য বিক্রয় ১৫,০০০ টাকা।
" ১৫ ব্যাংক থেকে ব্যবসায়ের প্রয়োজনে ২৫,০০০ টাকা উত্তোলন করেন।
" ২২ কমিশন প্রাপ্তি ২,০০০ টাকা।

ক. জনাব রবিনের সম্পদ বৃদ্ধির পরিমাণ দেখাও। ২
খ. জনাব রবিনের প্রতিটি লেনদেনের সংশ্লিষ্ট হিসাব নির্ণয় করো। ৪
গ. উপরোক্ত লেনদেনগুলো ডেবিট-ক্রেডিট নির্ণয় করো। ৪

**সুপার টিপ্স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।

**উত্তর: ক.** জনাব রবিনের সম্পদ বৃদ্ধির পরিমাণ ৬৭,০০০ টাকা।

## নিজেকে যাচাই করি

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

**১. গাণিতিক শুদ্ধতা যাচাই দুতরফা দাখিলা পদ্ধতির কী প্রকাশ করে?**
ক বৈশিষ্ট্য  খ উদ্দেশ্য
গ সুবিধা  ঘ প্রয়োজনীয়তা

**উদ্দীপকটি পড়ো এবং ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. মাসুম তার ব্যবসায়ে সংঘটিত সকল লেনদেন চিহ্নিতকরণ থেকে শুরু করে যাবতীয় হিসাবরক্ষণ কার্যাবলি যথাযথভাবে সম্পাদন করেন। হিসাবকাল শেষে প্রস্তুতকৃত আর্থিক বিবরণীতে প্রদর্শিত সকল সম্পদকে ডেবিট ও সকল দায়কে ক্রেডিট দেখিয়ে পরবর্তী হিসাবকাল শুরু করেন।

**২. উদ্দীপকের আলোকে মি. মাসুম কোনটি রক্ষা করে থাকেন?**
ক হিসাব চক্রের নীতি
খ রক্ষণশীলতার নীতি
গ ঐতিহাসিক ঘটনার নীতি
ঘ হিসাবের ধারাবাহিকতা

**৩. মি. মাসুম পরবর্তী হিসাবকালের যাত্রা শুরু করেন কোন নীতির কারণে?**
ক ব্যবসায় সত্তা নীতি  খ রক্ষণশীলতার নীতি
গ চলমান ধারণার নীতি  ঘ সামঞ্জস্যতার নীতি

**৪. হিসাব চক্রের সকল ধাপ যথাযথভাবে অনুসরণ করা হয়—**
i. একতরফা দাখিলা পদ্ধতিতে
ii. দুতরফা দাখিলা পদ্ধতিতে
iii. বিজ্ঞানসম্মত পদ্ধতিতে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

**৫. মাসুম ট্রেডার্সের প্রারম্ভিক মূলধন ৬০,০০০ টাকা, সমাপনী মূলধন ৮৫,০০০ টাকা ও মুনাফা ৪০,০০০ টাকা। তাদের উত্তোলনের পরিমাণ কত?**
ক ১৫,০০০ টাকা  খ ২০,০০০ টাকা
গ ২৫,০০০ টাকা  ঘ ৪৫,০০০ টাকা

**৬. প্রারম্ভিক মূলধন ও অতিরিক্ত মূলধনের পরিমাণ সমাপনী মূলধন ও উত্তোলনের পরিমাণ থেকে বেশি হলে কোনটি দেখা যায়?**
ক লাভ  খ ক্ষতি
গ সম্পদ  ঘ দায়

**৭. পরিপূর্ণ হিসাব সংরক্ষণ দুতরফা দাখিলা পদ্ধতির একটি কী?**
ক সুবিধা  খ অসুবিধা
গ গুরুত্ব  ঘ নীতি

**৮. জনাব রহমান ১,০০,০০০ টাকার চাল ক্রয় করলেন যার মধ্যে তিনি ৭,০০০ টাকা পরিশোধ করলেন। ক্রয় জাবেদায় কত টাকা লিপিবদ্ধ করতে হবে?**
ক ৯৩,০০০ টাকা
খ ১,০০,০০০ টাকা
গ লেনদেনটি ক্রয় জাবেদা বহির্ভূত
ঘ ১,০৭,০০০ টাকা

**৯. হিসাব চক্রের ধাপ—**
i. বিশদ আয় বিবরণী  ii. জাবেদা
iii. খতিয়ান
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

**১০. লেনদেন বিশ্লেষণের পরবর্তীতে কোনটি চিহ্নিত করা হয়?**
ক ব্যবসায়িক ঘটনা  খ হিসাব চক্র
গ সংশ্লিষ্ট হিসাব খাত  ঘ সমীকরণের উপাদান

**১১. কোন ধারণার ওপর ভিত্তি করে হিসাব চক্র প্রস্তুত করা হয়?**
ক চলমান ধারণা
খ হিসাবকাল ধারণা
গ বকেয়া ধারণা
ঘ ব্যবসায়িক সত্তা ধারণা

**১২. দুতরফা দাখিলা পদ্ধতি মোতাবেক মোট সম্পত্তি ৫০,০০০ টাকা এবং মালিকানা স্বত্ব ৩০,০০০ টাকা হলে, দায়ের পরিমাণ কত হবে?**
ক ৪০,০০০ টাকা  খ ২৫,০০০ টাকা
গ ২০,০০০ টাকা  ঘ ১৫,০০০ টাকা

**১৩. সমাপনী দাখিলার মাধ্যমে বন্ধ করা হয়—**
i. আয় হিসাব  ii. ব্যয় হিসাব
iii. উত্তোলন হিসাব
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

**১৪. হিসাব চক্রের কোন ধাপে ব্যবসায়ের নগদ প্রবাহ সম্পর্কে ধারণা করা যায়?**
ক লিপিবদ্ধকরণ
খ শ্রেণিবিন্যাসকরণ
গ সংক্ষিপ্তকরণ
ঘ আর্থিক বিবরণী প্রস্তুতকরণ

**উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব রাফি আহমেদ ২০১২ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ১,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। ৩০ জুন তারিখে তার অন্য লেনদেনগুলো নিম্নরূপ:
i. ব্যক্তিগত প্রয়োজনে ২,০০০ টাকার পণ্য উত্তোলন
ii. মালিকের জীবন বিমার প্রিমিয়াম ৩,০০০ টাকা
iii. ব্যবসায়ের মূলধন বিনিয়োগ ৫০,০০০ টাকা
iv. অতিরিক্ত মূলধন বিনিয়োগ ৫০,০০০ টাকা
v. ব্যবসায়ের জন্য ২,০০০ টাকার ঋণ গ্রহণ

**১৫. ৩০ জুন তারিখে জনাব রাফি আহমেদ-এর স্বত্বাধিকারের পরিমাণ কত?**
ক ১,২২,৫০০ টাকা  খ ১,৪২,৫০০ টাকা
গ ১,৫০,৫০০ টাকা  ঘ ১,৯৭,০০০ টাকা

**১৬. নিচের কোনটি ব্যবসায়ে জনাব রাফি আহমেদের স্বত্বাধিকারের পরিমাণ বৃদ্ধি করবে?**
ক ব্যাংক থেকে ব্যবসায়ের নগদ প্রবাহ বৃদ্ধির জন্য ঋণ গ্রহণ
খ মালিক কর্তৃক ব্যবসায় থেকে পণ্য উত্তোলন
গ মালিক কর্তৃক ব্যবসায় অতিরিক্ত মূলধন বিনিয়োগ
ঘ ব্যবসায় থেকে মালিকের জীবন বিমার প্রিমিয়াম প্রদান

**১৭. মি. সজীব ৫০,০০০ টাকার আসবাবপত্র বিক্রয়ের উদ্দেশ্যে ধারে ক্রয় করেন। এ লেনদেনটির দ্বারা কারবারের—**
i. খরচ বৃদ্ধি পেয়েছে  ii. সম্পদ বৃদ্ধি পেয়েছে
iii. দায় বৃদ্ধি পেয়েছে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

**১৮. ব্যবসায়ের মোট সম্পদ থেকে তৃতীয় পক্ষের দাবি বাদ দিলে কোনটি অবশিষ্ট থাকে?**
ক দায়  খ বহিঃদায়
গ মালিকানা স্বত্ব  ঘ সম্পদ

**১৯. সম্পদের ওপর তৃতীয় পক্ষের দাবিকে কী বলা হয়?**
ক মালিকানা স্বত্ব  খ মূলধন
গ বহিঃদায়  ঘ মুনাফা

**২০. বছরের শেষে বকেয়া ভাড়া সমন্বয়ের ক্ষেত্রে হিসাব সমীকরণের ওপর কী প্রভাব পড়বে?**
ক সম্পদ বৃদ্ধি, স্বত্বাধিকার বৃদ্ধি
খ সম্পদ হ্রাস, স্বত্বাধিকার হ্রাস
গ দায় বৃদ্ধি, স্বত্বাধিকার হ্রাস
ঘ দায় হ্রাস, স্বত্বাধিকার হ্রাস

**২১. ১টি প্রতিষ্ঠানের সম্পদ ৩০,০০০ টাকা। উহার দায় মোট সম্পদের তিন-পঞ্চমাংশ। কারবারের স্বত্বাধিকারের পরিমাণ কত?**
ক ৬,০০০  খ ১২,০০০
গ ১৮,০০০  ঘ ৩০,০০০

**২২. দুতরফা দাখিলা পদ্ধতির মূলনীতি হচ্ছে?**
ক সম্পদ বৃদ্ধি পেলে ক্রেডিট
খ ব্যয় বৃদ্ধি পেলে ক্রেডিট
গ গ্রহীতা ডেবিট, দাতা ক্রেডিট
ঘ গ্রহীতা ক্রেডিট, দাতা ডেবিট

**২৩. সংশ্লিষ্ট হিসাব খাত ক্রেডিট হয়—**
i. সম্পদ বৃদ্ধি পেলে
ii. মালিকানা স্বত্ব বৃদ্ধি পেলে
iii. খরচ হ্রাস পেলে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব কামরুলের ব্যবসায়ে ১-১-১৬ তারিখের সম্পদ ও দায় যথাক্রমে ৫,০০,০০০ টাকা ও ৩,০০,০০০ টাকা এবং ৩১-১২-১৬ তারিখের সম্পদ ও দায় যথাক্রমে ৭,০০,০০০ টাকা ও ৩,৫০,০০০ টাকা।

**২৪. জনাব কামরুলের প্রারম্ভিক মূলধন কত?**
ক ২,০০,০০০ টাকা  খ ৩,০০,০০০ টাকা
গ ৫,০০,০০০ টাকা  ঘ ৮,০০,০০০ টাকা

**২৫. সমাপনী মূলধন প্রারম্ভিক মূলধনের চেয়ে কত বেশি?**
ক ৫০,০০০ টাকা  খ ১,০০,০০০ টাকা
গ ১,৫০,০০০ টাকা  ঘ ২,০০,০০০ টাকা

**২৬. ব্যয় বৃদ্ধি প্রভাবিত করে?**
ক মালিকানাস্বত্ব বৃদ্ধি  খ মালিকানাস্বত্ব হ্রাস
গ সম্পদ বৃদ্ধি  ঘ দায় হ্রাস

**২৭. যদি প্রারম্ভিক মূলধন ৯০,০০০ টাকা, সমাপনী মূলধন ১,২০,০০০ টাকা, অতিরিক্ত মূলধন ১০,০০০ টাকা এবং উত্তোলনের পরিমাণ ১৫,০০০ টাকা হয় তবে মুনাফা কত হবে?**
ক ১৫,০০০ টাকা  খ ২৫,০০০ টাকা
গ ৩৫,০০০ টাকা  ঘ ৪৫,০০০ টাকা

**২৮. মালিকানাস্বত্বের অপর নাম—**
ক প্রারম্ভিক মূলধন  খ সমাপনী মূলধন
গ অতিরিক্ত মূলধন  ঘ নিট লাভ/ক্ষতি

**২৯. হিসাব চক্রের 'সমন্বয় দাখিলার" ধাপটি কোনটির পরে আসে—**
ক রেওয়ামিলের  খ খতিয়ানের
গ জাবেদার  ঘ নগদান বইয়ের

**৩০. হিসাব চক্রের কোন ধাপে হিসাবসমূহের নির্ভুলতা যাচাই করা হয়?**
ক পঞ্চম  খ ষষ্ঠ
গ সপ্তম  ঘ অষ্টম

## সৃজনশীল রচনামূলক প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট; মান-৭০

**১.▶** লতা একজন ব্যবসায়ী। ২০১৯ সালের মার্চ মাসে তার ব্যবসায়ে নিম্নলিখিত ঘটনাগুলো সংঘটিত হয়:

মার্চ ১ ১,২০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করা হলো।
" ৫ পণ্য ক্রয় ৩০,০০০ টাকা।
" ৮ ১০% বাট্টায় পণ্য বিক্রয় ২২,০০০ টাকা।
" ১০ মূলধন স্বল্পতার কারণে মালিক ৫০,০০০ টাকা অতিরিক্ত মূলধন আনয়নের সিদ্ধান্ত নিলেন।
" ১৭ ৫,০০০ টাকা জমা দিয়ে একটি ব্যাংক হিসাব খোলা হলো।
" ২৮ মালিকের ব্যক্তিগত অর্থে কর্মচারীদের বেতন প্রদান ১৫,০০০ টাকা।
" ৩০ মাসিক ৫,০০০ টাকা বেতন প্রদানের শর্তে একজন বিক্রয়কর্মী নিয়োগ দেওয়া হলো।

ক. লেনদেন নয় এমন ঘটনার পরিমাণ নির্ণয় করো। ২
খ. লেনদেনগুলোর কারণসহ ডেবিট-ক্রেডিট নির্ণয় করো। ৪
গ. মাস শেষে লতার ব্যবসায়ের স্বত্বাধিকারের পরিমাণ নির্ণয় করো। ৪

**২.▶** জনাব সালমান একজন খুচরা ব্যবসায়ী। তার প্রতিষ্ঠানে ২০১৯ সালের জুলাই মাসে নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয়েছিল :

জুলাই ১ ব্যবসায়ে মূলধন আনয়ন ১,০০,০০০ টাকা।
" ৫ সাব্বিরের কাছ থেকে ২০,০০০ টাকার মাল ক্রয় করে ৬০% চেকে পরিশোধ করা হলো।
" ১০ মনিহারি দ্রব্য ক্রয় করা হলো ১,০০০ টাকা।
" ১৩ বাট্টা মঞ্জুর করা হলো ১,৫০০ টাকা।
" ১৫ কর্মচারীদের চেকে বেতন প্রদান করা হলো ৮,০০০ টাকা।
" ২৪ করিমের নিকট থেকে পণ্য ক্রয় ৬,০০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্যের আলোকে ব্যাংক সংক্রান্ত লেনদেনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. জনাব সালমানের প্রতিষ্ঠানের মোট ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. ১০ থেকে ২৪ তারিখের লেনদেনগুলোর ডেবিট ও ক্রেডিট নির্ণয় করো। ৪

**৩.▶** মি. রাজন রায় তার ব্যবসায়ের পূর্ণাঙ্গ হিসাব সংরক্ষণ করেন না। ২০১৯ সালে তার হিসাব বই থেকে প্রাপ্ত তথ্য নিম্নরূপ:

| বিবরণ | টাকা | পরিমাণ |
|---|---|---|
| | ০১.০১.২০১৯ | ৩১.১২.২০১৯ |
| মজুদ পণ্য | ১৪,৫০০ | ১৯,৮০০ |
| পাওনাদার | ১২,০০০ | ১৭,০০০ |
| দেনাদার | ১৮,০০০ | ২৪,৪০০ |
| বকেয়া খরচাবলি | ২,৬০০ | |
| নগদ | ১০,৮০০ | ২৫,৫০০ |
| ঋণ | | ১০,০০০ |

উল্লেখ্য মি. রাজন প্রতি মাসে ১,২০০ টাকা করে নগদ এবং সারা বছরে মোট ৭০০ টাকার পণ্য উত্তোলন করেন। এছাড়া তিনি বছরের মাঝামাঝি সময়ে ব্যবসায়ে ৫,০০০ টাকা অতিরিক্ত মূলধন সরবরাহ করেন।

ক. মি. রাজন রায়ের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. মি. রাজন রায়ের সমাপনী মূলধন নির্ণয় করো। ৪
গ. মি. রাজন রায়ের উক্ত বছরের লাভ বা ক্ষতি নির্ণয় করো। ৪

**৪.▶** ব্রাদার্স অ্যান্ড ব্রাদার্স-এর ২০১৯ সালের জুলাই মাসের লেনদেনগুলো নিম্নরূপ:

২০১৯
জুলাই ১ বিক্রয় ৫০,০০০ টাকা।
" ৫ ধারে ক্রয় ১৮,০০০ টাকা।
" ৯ নগদ উত্তোলন ২,৫০০ টাকা।
" ১৫ বহিঃফেরত ৪,৫০০ টাকা।
" ২১ ধারে বিক্রয় ১২,৫০০ টাকা।

ক. নিট পাওনাদারের পরিমাণ নির্ণয় করো। ২
খ. জুলাই ৫ থেকে ২১ তারিখের লেনদেনগুলোর ডেবিট-ক্রেডিট নির্ণয় করো। ৪
গ. উদ্দীপকের লেনদেন দ্বারা প্রমাণ করো $A = L + E$। ৪

**৫.▶** জনাব রফিক তার ব্যবসায়ের হিসাব যথাযথভাবে সংরক্ষণ করেন না। নিম্নোক্ত তথ্যসমূহ তার হিসাব বই হতে সংগ্রহ করা হয়েছে:

| | ০১-০১-২০১৯ | ৩১-১২-২০১৯ |
|---|---|---|
| নগদ তহবিল | ৪০,০০০ | ৫০,৫০০ |
| দেনাদার | ৩৫,০০০ | ৪০,৫০০ |
| পাওনাদার | ৪০,০০০ | ২০,০০০ |
| মজুদ পণ্য | ৭০,০০০ | ১,২০,০০০ |
| ব্যাংক ঋণ | | ১০,০০০ |
| আসবাবপত্র | ২০,০০০ | ৪০,০০০ |

উক্ত বছরে তিনি প্রতিমাসে ৫,০০০ টাকা করে উত্তোলন করেন এবং ব্যবসায়ের প্রয়োজনে আরও ৩৫,০০০ টাকা নতুন বিনিয়োগ করেন।

ক. জনাব রফিকের প্রারম্ভিক মূলধন নির্ণয় করো। ২
খ. উদ্দীপকের আলোকে ব্যবসায়ের সমাপনী মূলধন কত? ৪
গ. উক্ত বছরে লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

**৬.▶** মি. করিমের ব্যবসায়ে ২০১৯ সালের মার্চ মাসের লেনদেনগুলো নিম্নরূপ:

(i) ব্যবসায়ে বিনিয়োগ করল ৩০,০০০ টাকা।
(ii) ৫,০০০ টাকা বেতনে একজন কর্মচারী নিয়োগ।
(iii) আসবাবপত্র বিক্রয় ১০,০০০ টাকা।
(iv) বাকিতে পণ্য ক্রয় ৫,০০০ টাকা।
(v) ২০,০০০ টাকা মূল্যের একটি যন্ত্র ক্রয়ের সিদ্ধান্ত নিল।
(vi) কমিশন প্রাপ্তি ৫০০ টাকা।
(vii) বেতন প্রদান ২,০০০ টাকা।

ক. লেনদেন নয় কত টাকার হিসাব? ২
খ. উপরোক্ত তথ্য হতে হিসাবের ডেবিট ক্রেডিটসহ শ্রেণী বিভাগ দেখাও। ৪
গ. উপরোক্ত তথ্য হতে হিসাব সমীকরণের প্রভাব বিবরণী ছকে দেখাও। ৪

**৭.▶** রিফাতের ব্যবসায়ে ২০১৯ সালের মার্চ মাসের লেনদেন নিম্নরূপ :

মার্চ ১ মূলধন ১,২০,০০০ টাকা।
" ১৮ বাকিতে পণ্য বিক্রয় ৭০,০০০ টাকা।
" ২০ বেতন প্রদান করা হলো ১৭,০০০ টাকা।
" ২৮ অনাদায়ী পাওনা ধার্য হলো ৫০০ টাকা।
" ৩০ দেনাদার কাছ থেকে নগদ প্রাপ্তি ৫০,০০০ টাকা।

ক. মার্চ মাসে নিট দেনাদারের পরিমাণ কত? ২
খ. রিফাতের ব্যবসায়ের লেনদেনসমূহের ডেবিট ক্রেডিট কারণসহ নির্ণয় করো। ৪
গ. উপরের লেনদেনসমূহ হতে মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় করো। ৪

**৮.▶** নয়ন চৌধুরী তার ব্যবসায়ের বিস্তারিত হিসাব সংরক্ষণ করেন না। ১ জুলাই ২০১৯ তারিখে তার ব্যবসায়ের মোট সম্পদ ও দায়ের পরিমাণ ছিল যথাক্রমে ৩,০০,০০০ টাকা ও ১,৮০,০০০ টাকা। উক্ত বছরে তিনি আরও ২০,০০০ টাকা ব্যবসায়ে বিনিয়োগ করেন এবং সর্বমোট ২৫,০০০ টাকা (নগদ ও পণ্য) উত্তোলন করেন।

জুন ৩০ ২০১৯ তারিখে তার ব্যবসায়ের আর্থিক অবস্থা ছিল নিম্নরূপ:
নগদ তহবিল ১,৪০,০০০ টাকা; আসবাবপত্র ৬০,০০০ টাকা; দেনাদার ৫০,০০০ টাকা; পাওনাদার ৩০,০০০ টাকা; মজুদ পণ্য ৮০,০০০ টাকা এবং ব্যাংক ঋণ ১,০০,০০০ টাকা।

ক. প্রারম্ভিক মূলধন নির্ণয় করো। ২
খ. সমাপনী মূলধন নির্ণয় করো। ৪
গ. বছর শেষে তার লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

**৯.▶** ২০১২ সালের মার্চ মাসে ইকবাল ব্রাদার্স-এর ব্যবসায়িক লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

মার্চ ১ নগদ ১,০০,০০ টাকা; পুস্তক ঋণ ৫০,০০০ টাকা এবং ব্যবসায়িক ঋণ ২৫,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করা হলো।
" ১০ বহিঃফেরত ৫,০০০ টাকা।
" ১৫ আন্তঃফেরত ৭,৫০০ টাকা।
" ২০ প্রাপ্য কমিশন ১০,০০০ টাকা।
" ৩০ অনুপার্জিত উপভাড়া ১৫,০০০ টাকা।

ক. প্রারম্ভিক আন্তঃদায়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. ১০-৩০ তারিখের লেনদেনের ওপর হিসাব সমীকরণের উপাদানের প্রভাব দেখাও। ৪
গ. ১০-৩০ তারিখের লেনদেনের ডেবিট ও ক্রেডিট নির্ণয় করে আধুনিক পদ্ধতিতে কারণসহ শ্রেণী বিন্যাস করো। ৪

**১০.▶** জনাব জাফর তাইয়ার তার ব্যবসায়ের যাবতীয় হিসাব দুতরফা দাখিলা পদ্ধতি অনুযায়ী হিসাবভুক্ত করেন না। ২০১৯ সালে তার ব্যবসায়ের অবস্থা ছিল নিম্নরূপ:

| বিবরণ | ১ জানুয়ারি, ২০১৯ টাকা | ৩১ ডিসেম্বর, ২০১৯ টাকা |
|---|---|---|
| নগদ ও ব্যাংক জমা | ৪৫,০০০ | ৫২,০০০ |
| দেনাদারবৃন্দ | ৩৭,০০০ | ২৮,০০০ |
| মজুদ পণ্য | ৫৩,৭০০ | ৭০,৩০০ |
| ভূমি ও দালানকোঠা | ৩,২০,০০০ | ৩,২০,০০০ |
| বন্ধকি ঋণ | ৫০,০০০ | ৫০,০০০ |
| পাওনাদার | ২৫,২০০ | ২২,৬০০ |
| বকেয়া খরচ | | ২,৭০০ |

জনাব জাফর তাইয়ার ২০১৯ সালে ব্যবসায়ে আরও ৭৫,০০০ টাকা বিনিয়োগ করেন এবং ২৫,০০০ টাকা উত্তোলন করেন। ব্যবসায়ের জন্য ১-৭-২০১৯ তারিখে ৫২,০০০ টাকায় একটি ডেলিভারি ভ্যান ক্রয় করেন।

ক. জনাব জাফর তাইয়ার-এর ১ জানুয়ারি ২০১৯ তারিখে চলতি সম্পদ ও চলতি দায়ের পার্থক্য নির্ণয় করো। ২
খ. ২০১৯ সনের জনাব জাফর তাইয়ার-এর সমাপনী মূলধন নির্ণয় করো। ৪
গ. জনাব জাফর তাইয়ার-এর প্রারম্ভিক মূলধন ৩,৮০,৫০০ টাকা ধরে লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

**১১.▶** জনাব তাকিয়া তার ব্যবসায়ের বিস্তারিত হিসাব রাখেন না। তার ব্যসায়ের অবস্থা নিম্নরূপ:

| বিবরণ | ১ জানুয়ারি, ২০১৯ | ৩১ ডিসেম্বর, ২০১৯ |
|---|---|---|
| নগদ ও ব্যাংক জমা | ৮১,০০০ | ৯৪,০০০ |
| প্রাপ্য বিল | ২২,০০০ | ১৭,০০০ |
| মজুদ পণ্য | ৪৩,৭০০ | ৬০,৩০০ |
| দানালকোঠা | ৩,৭০,০০০ | ৩,৭০,০০০ |
| পাওনাদার | ২১,০০০ | ২৮,০০০ |
| প্রদেয় বিল | ৭,০০০ | ১০,০০০ |

জনাব তাকিয়া ২০১৯ সালে ব্যবসায়ে আরও ৭০,০০০ টাকা বিনিয়োগ করলেন এবং ১৮,০০০ টাকা উত্তোলন করলেন। ব্যবসায়ের জন্য ০১-০৭-২০১৯ তারিখে ৪৮,০০০ টাকা দিয়ে একটি ডেলিভারি ভ্যান ক্রয় করলেন।

ক. জনাব তাকিয়ার প্রারম্ভিক সম্পদের পরিমাণ নির্ণয় করো। ২
খ. ২০১৯ সালের সমাপ্ত বছরের জন্য জনাব তাকিয়ার সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. প্রারম্ভিক মূলধন ৪,৮৮,৭০০ টাকা ধরে জনাব তাকিয়ার নিট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

## মডেল প্রশ্নপত্রের উত্তরমালা

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | ঘ | ৩ | গ | ৪ | গ | ৫ | ক | ৬ | খ | ৭ | ক | ৮ | ক | ৯ | গ | ১০ | গ | ১১ | ক | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | ঘ |
| ১৬ | গ | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | গ | ২০ | গ | ২১ | খ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | ক |

### সৃজনশীল রচনামূলক প্রশ্ন

১. **ক.** লেনদেন নয় এমন ঘটনার মোট পরিমাণ ৫৫,০০০ টাকা। **গ.** মাস শেষে লতার ব্যবসায়ের স্বত্বাধিকারের পরিমাণ ১,০৯,৮০০ টাকা।
২. **ক.** ব্যাংক সংক্রান্ত লেনদেনের মোট পরিমাণ ২০,০০০ টাকা। **খ.** মোট ব্যয়ের পরিমাণ ৩৬,৫০০ টাকা।
৩. **ক.** প্রারম্ভিক মূলধন ২৮,৭০০ টাকা। **খ.** সমাপনী মূলধন ৪২,৭০০ টাকা। **গ.** লাভ ২৪,১০০ টাকা
৪. **ক.** নিট পাওনাদারের পরিমাণ ১৩,৫০০ টাকা।
৫. **ক.** প্রারম্ভিক মূলধন ১,২৫,০০০ টাকা। **খ.** সমাপনী মূলধন ২,২১,০০০ টাকা। **গ.** লাভ ১,২১,০০০ টাকা।
৬. **ক.** লেনদেন নয় এমন ঘটনার পরিমাণ ২৫,০০০ টাকা। **গ.** হিসাব সমীকরণের যোগফল ২৮,৫০০ টাকা।
৭. **ক.** নিট দেনাদারের পরিমাণ ১৯,৫০০ টাকা। **গ.** সমাপনী মালিকানা স্বত্বের পরিমাণ ১,৭২,৫০০ টাকা।
৮. **ক.** প্রারম্ভিক মূলধনের পরিমাণ ১,২০,০০০ টাকা। **খ.** সমাপনী মূলধনের পরিমাণ ২,০০,০০০ টাকা। **গ.** বছর শেষে লাভের পরিমাণ ৮৫,০০০ টাকা।
৯. **ক.** ব্যবসায়িক আন্তঃদায়ের পরিমাণ ১,২৫,০০০ টাকা।
১০. **ক.** চলতি সম্পদ ও চলতি দায়ের পার্থক্য ১,১০,৫০০ টাকা। **খ.** সমাপনী মূলধন ৪,৪৭,০০০ টাকা। **গ.** লাভ ১৬,৫০০ টাকা।
১১. **ক.** প্রারম্ভিক সম্পদের পরিমাণ ৫,১৬,৭০০ টাকা। **খ.** সমাপনী মূলধন ৫,৫১,৩০০ টাকা। **গ.** লাভ ১০,৬০০ টাকা।